

বিজ্ঞপ্তি নম্বর: ২৬৫

তারিখ: ০৯ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ


২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে রিলিজ প্রিপে অনলাইন আবেদন
সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-১৬(৬৯৩)জাতী:বি:/রেজি:/একা:/প্রিলিমিনারী টু মাস্টার্স/২০২২-২০২৩/৫৪০৮ তারিখ: ০২/০৯/২০২৫ মোতাবেক ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে রিলিজ প্রিপের অনলাইন আবেদন ০৭ সেপ্টেম্বর বিকাল ৪টা থেকে শুরু হয়ে ১৭ সেপ্টেম্বর ২০২৫ রাত ১২টা পর্যন্ত চলবে। ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে যে সকল আবেদনকারী ক) মেধা তালিকায় স্থান পায়নি খ) মেধা তালিকায় স্থান পেয়েও ভর্তি হয়নি গ) মেধা তালিকায় ভর্তি হয়ে পরবর্তীতে ভর্তি বাতিল করেছে, সে সকল আবেদনকারীকে মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই অনলাইনে রিলিজ প্রিপের মাধ্যমে আবেদন করতে হবে। উল্লেখ্য যে, কলেজ কর্তৃক যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন নিশ্চয়ন করা হয়নি, সে সকল আবেদনকারী রিলিজ প্রিপে আবেদন করতে পারবে না। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর Prospectus/Important Notice অপশন থেকে জানা যাবে।

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী রিলিজ প্রিপের আবেদন সম্পন্ন করতে হবে


ক্রমিক	বিবরণ	তারিখ
১)	২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে রিলিজ প্রিপে অনলাইন আবেদনের তারিখ: ক) রিলিজ প্রিপে আবেদনের জন্য আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login অপশনে Masters Preli.(Regular) Login লিংকে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এক্ষেত্রে আবেদনকারীর নাম ও অন্যান্য তথ্যসহ রিলিজ প্রিপের আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। খ) এ পর্যায়ে আবেদনকারী বিভাগ ও জেলাভিত্তিক College Selection অপশনে গিয়ে যে কোন কলেজ Select করলে ঐ কলেজে ভর্তিযোগ্য (Eligible) বিষয়ে শূন্য আসনের তালিকা দেখতে পাবে। আবেদনকারীকে প্রতিটি কলেজের ক্ষেত্রে বিষয়ভিত্তিক শূন্য আসনের তালিকা থেকে তার ভর্তিযোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করে এন্ট্রি দিতে হবে এভাবে একজন আবেদনকারীকে পর্যায়ক্রমে তার পছন্দ অনুযায়ী তিনটি কলেজে বিষয় নির্ধারণ করে রিলিজ প্রিপের আবেদন ফরম পূরণ করতে হবে। গ) আবেদনকারীকে রিলিজ প্রিপের আবেদন ফরমটি ডাউনলোড করে অফসেট সাদা কাগজে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে তবে এই ফরমটি আবেদনকৃত কলেজসমূহে জমা দিতে হবে না এবং কোন ফি প্রদান করতে হবে না। ঘ) রিলিজ প্রিপে আবেদন সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক অনলাইনে নিশ্চয়ন করতে হবে না।	০৭/০৯/২০২৫ থেকে ১৭/০৯/২০২৫

প্রতিস্বাক্ষর


(প্রফেসর ড. মো. আব্দুর রাজ্জাক)

অধ্যক্ষ

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর


(মো. দেলোয়ার হোসেন)

আহ্বায়ক

প্রিলিমিনারী টু মাস্টার্স ভর্তি, রেজিস্ট্রেশন ও পরীক্ষা কমিটি ২০২২-২৩
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

অনুলিপি:

- ১। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান, দিনাজপুর সরকারি কলেজ
- ২। হিসাব শাখা ও ক্যাশ শাখা, দিনাজপুর সরকারি কলেজ
- ৩। অফিস নথি